**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 24-04-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্যের স্বাস্থ্য পরিষেবার উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে ।**

**(২) কৃষিমন্ত্রী রতনলাল নাথ আজ সচিবালয়ে ভিডিও কনফারেন্সের মাধ্যমে উত্তর পূর্ব উন্নয়ন মন্ত্রকের সঙ্গে বৈঠক করেছেন ।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বলেছেন যে ভারত প্রতিটি সন্ত্রাসী এবং তাদের সমর্থকদের চিহ্নিত করবে, খুঁজে বের করবে এবং শাস্তি দেবে ।**

**(৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বিহারে ১৩,৪৮০ কোটি টাকারও বেশি মূল্যের বেশ কয়েকটি প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন ।**

*******************************************

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্যের স্বাস্থ্য পরিষেবার উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে এবং এখন রাজ্যেই প্রায় সবরকমের চিকিৎসা পরিষেবার ব্যবস্থা রয়েছে। আজ গান্ধিগ্রাম প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র পরিদর্শনকালে তিনি সাংবাদিকদের একথা জানান। তিনি ওই প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের চিকিৎসক স্বাস্থ্যকর্মীও রোগীদের সঙ্গে কথা বলেন। রোগীদের চিকিৎসা এবং যত্নে কোনো রকমের গাফিলতি যাতে না হয় সে ব্যাপারে তিনি পরামর্শ দেন।

তাছাড়া মুখ্যমন্ত্রী আজ আগরতলা স্মার্ট সিটি লিমিটেডের অফিস ও জল বোর্ডের অফিসটিও পরিদর্শন করেন। পরিদর্শনকালে দুটি অফিসের সংশ্লিষ্ট

আধিকারিকদের সঙ্গে কথা বলেন। তিনি সেখানে সাংবাদিকদের জানান, স্মার্ট সিটি মিশনের অন্তর্গত আগরতলার উন্নয়ন প্রকল্পগুলোর দ্রুত বাস্তবায়নে রাজ্য সরকার বদ্ধপরিকর। স্মার্টসিটি প্রকল্পে গুনমান বজায় রেখে বেশিরভাগ কাজই দ্রুত বাস্তবায়িত হচ্ছে।

****************************

**Agriculture Minister :**

কৃষিমন্ত্রী রতনলাল নাথ আজ সচিবালয়ে ভিডিও কনফারেন্সের মাধ্যমে উত্তর পূর্ব উন্নয়ন মন্ত্রকের সঙ্গে বৈঠক করেছেন। মন্ত্রী শ্রী নাথ জানান, ত্রিপুরার কুয়ইন প্রজাতির আনারসকে বিশ্বব্যাপী ব্র্যান্ড করা হবে। এই লক্ষ্যে বিশ্বব্যাপী প্রচারের জন্য বিস্তারিত প্রকল্প নিয়ে আলোচনা হয়েছে। প্রকল্পটির সফল বাস্তবায়নে উত্তর পূর্ব উন্নয়ন বা ডোনার মন্ত্রক পূর্ণ সমর্থন ও সহযোগিতার আশ্বাস দিয়েছে বলে কৃষিমন্ত্রী জানিয়েছেন।

***********************************

**Disha Meeting-South :**

দক্ষিণ ত্রিপুরা জেলা উন্নয়ন সমন্বয় ও পর্যবেক্ষণ কমিটির সভা আজ বিলোনিয়া সার্কিট হাউসে অনুষ্ঠিত হয়। পৌরহিত্য করেন জেলা শাসক মহম্মদ সাজ্জাদ পি। উপস্থিত ছিলেন দক্ষিণ জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত, বিধায়ক অশোক কুমার মিত্র, প্রমোদ রিয়াং ও মাইলাফ্রু মগ, দক্ষিণ জেলার পুলিশ সুপার মৌর্য কৃষ্ণ চন্দ্রশেখর, সাব্রুম বিলোনিয়া ও শান্তিরবাজারের মহকুমা শাসকগন, ৮ ব্লকের বিডিও এবং পঞ্চায়েত সমিতির চেয়ারম্যানগন। জেলাশাসক জানান, আজকের সভা থেকে সমস্ত দপ্তরের আধিকারিকদের নির্দেশ দেওয়া হয়েছে সময়ের কাজ সময়ে শেষ করার জন্য। পানীয় জল, স্বাস্থ্য, বিদ্যুৎ, শিক্ষা, রাস্তাঘাটের কাজকর্ম নিয়েও সভায় বিস্তারিত পর্যালোচনা করা হয়।

*****************************

**Capacity Building-Mou :**

রাজ্য সরকারের বিভিন্ন স্তরের কর্মচারিদের সরকারি পরিষেবা প্রদানে আরও দক্ষ করে তোলার লক্ষ্যে দক্ষতা উন্নয়ন কমিশন, কর্মযোগী ভারত এবং ত্রিপুরা সরকারের মধ্যে আজ এক চুক্তি স্বাক্ষরিত হয়। এই চুক্তিতে রাজ্য সরকারের পক্ষে অপূর্ব রায়, দক্ষতা উন্নয়ন কমিশনের পক্ষে আর বালসুব্রহ্মণিয়ম এবং কর্মযোগী ভারতের পক্ষে শোভানা রানা স্বাক্ষর করেন। এ উপলক্ষ্যে প্রজ্ঞাভবনে আয়োজিত অনুষ্ঠানে মুখ্যসচিব জে কে সিনহা বলেন, রাজ্য সরকারের সঙ্গে দক্ষতা উন্নয়ন কমিশন এবং কর্মযোগী ভারতের চুক্তি হওয়ার ফলে সরকারি কর্মীদের পেশাগত ও ব্যক্তিগত উভয়ক্ষেত্রেই আরও উন্নতি ঘটবে। ফলে জনগণের সাথে তাদের সম্পর্ক আরও মজবুত হবে। তিনি বলেন, রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরের আধিকারিক সহ অন্যান্য কর্মীদের জনগণের প্রতি দায়বদ্ধতা রয়েছে। তারা আন্তরিক ও নিষ্ঠার সঙ্গে জনগণকে সরকারি পরিষেবা প্রদান করছেন। আজ এই চুক্তি স্বাক্ষরিত হওয়ার ফলে রাজ্য সরকারের বিভিন্ন স্তরের আধিকারিক সহ অন্যান্য কর্মচারিদের দক্ষতা উন্নয়নের প্রশিক্ষণ দেওয়া হবে।

*****************************

**Panchayati Raj Divas-South :**

জাতীয় পঞ্চায়েতিরাজ দিবস উপলক্ষ্যে আজ উত্তর জোলাইবাড়ি ও দক্ষিণ জোলাইবাড়ি গ্রাম পঞ্চায়েতের উদ্যোগে জোলাইবাড়ি কমিউনিটি হলে এক আলোচনাসভা অনুষ্ঠিত হয়। সভার সূচনা করেন দক্ষিণ জিলা পরিষদের সদস্য শম্ভু মানিক।

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*******************************

**J & K :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বলেছেন যে ভারত প্রতিটি সন্ত্রাসী এবং তাদের সমর্থকদের চিহ্নিত করবে, খুঁজে বের করবে এবং শাস্তি দেবে। তিনি বলেছেন যে ভারত পৃথিবীর শেষ প্রান্ত পর্যন্ত তাদের তাড়া করবে। তিনি বলেছেন যে ন্যায়বিচার নিশ্চিত করার জন্য সর্বাত্মক প্রচেষ্টা করা হবে এবং সমগ্র জাতি এই সংকল্পে দৃঢ়।

#######Byte-PM########

জাতীয় পঞ্চায়েতি রাজ দিবস উপলক্ষে বিহারের মধুবনী জেলায় এক জনসভায় ভাষণ দিতে গিয়ে প্রধানমন্ত্রী বলেন যে সন্ত্রাসবাদের দ্বারা দেশের চেতনা কখনও ভাঙ্গা যাবে না। প্রধানমন্ত্রী আরও জোর দিয়ে বলেন যে মানবতায় বিশ্বাসী প্রত্যেকেই ভারতের সাথে আছেন। তিনি বিশ্ব এবং বিশ্ব নেতাদের ভারতের সঙ্গে সংহতি প্রকাশ করায় ধন্যবাদ জানান। তিনি বলেন যে ২২শে এপ্রিল জম্মু ও কাশ্মীরের পহেলগামে সন্ত্রাসীরা নিরীহ মানুষকে হত্যা করেছে। তিনি বলেন যে এই আক্রমণ পর্যটকদের উপর নয়, বরং দেশের আত্মার উপর আক্রমণ।

তিনি বলেন যে, দেশের ১৪০ কোটি মানুষের ইচ্ছাশক্তির মাধ্যমে আমরা সন্ত্রাসবাদকে হ্রাস করব। ভাষণ শুরু করার আগে, প্রধানমন্ত্রী পহেলগাম

সন্ত্রাসী হামলায় প্রাণ হারানো ব্যক্তিদের প্রতি শ্রদ্ধা জানাতে এক মিনিট নীরবতা পালন করেন।

*****************************

**All Party Meeting :**

পহলগামে সন্ত্রাসবাদী হামলার পরিপ্রেক্ষিতে নতুন দিল্লিতে প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিংয়ের পৌরহিত্যে সর্বদলীয় বৈঠক চলছে। সংসদ ভবন চত্বরে এই সর্বদলীয় বৈঠকে রয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর, অর্থমন্ত্রী নির্মলা সীতারমন, বিজেপি সভাপতি জেপি নাড্ডা, কংগ্রেস নেতা রাহুল গান্ধী, মল্লিকার্জুন খাড়গে, সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু, ডিএমকের তিরুচি শিবা, এনসিপি নেতা প্রফুল্ল প্যাটেল, এনসিপি-এসপি-র সুপ্রিয়া সুলে, সমাজবাদী পার্টির রাম গোপাল যাদব, আম আদমি পার্টির সঞ্জয় সিং, আরজেডি-র প্রেমচাঁদ গুপ্তা, ওয়াইএসআরসিপি-র পিভি মিধুন রেড্ডি, তৃণমূল কংগ্রেসের সুদীপ বন্দ্যোপাধ্যায়। বৈঠকে পহলগামে সন্ত্রাসবাদী হামলায় প্রাণ হারানো নিরপরাধদের সম্মানে দুই মিনিট নীরবতা পালন করা হয়।

***************************

**All Party Meeting :**

পহলগামে সন্ত্রাসবাদী হামলার পরিপ্রেক্ষিতে নতুন দিল্লিতে প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিংয়ের পৌরহিত্যে সর্বদলীয় বৈঠক চলছে। সংসদ ভবন চত্বরে এই সর্বদলীয় বৈঠকে রয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর, অর্থমন্ত্রী নির্মলা সীতারমন, বিজেপি সভাপতি জেপি নাড্ডা, কংগ্রেস নেতা রাহুল গান্ধী, মল্লিকার্জুন খাড়গে, সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু, ডিএমকের তিরুচি শিবা, এনসিপি নেতা প্রফুল্ল প্যাটেল, এনসিপি-এসপি-র সুপ্রিয়া সুলে, সমাজবাদী পার্টির রাম গোপাল যাদব, আম আদমি পার্টির সঞ্জয় সিং, আরজেডি-র প্রেমচাঁদ গুপ্তা, ওয়াইএসআরসিপি-র পিভি মিধুন রেড্ডি, তৃণমূল কংগ্রেসের সুদীপ বন্দ্যোপাধ্যায়। বৈঠকে পহলগামে

সন্ত্রাসবাদী হামলায় প্রাণ হারানো নিরপরাধদের সম্মানে দুই মিনিট নীরবতা পালন করা হয়।

***************************

**Panchayati Raj Divas-PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বিহারে ১৩,৪৮০ কোটি টাকারও বেশি মূল্যের বেশ কয়েকটি প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। এই প্রকল্পগুলির মধ্যে রয়েছে গোপালগঞ্জে এলপিজি বোতলজাতকরণ প্ল্যান্ট, বিদ্যুতায়ন প্রকল্প, আবাসন প্রকল্প, রেলওয়ে পরিকাঠামো এবং সড়ক উন্নয়ন। প্রধানমন্ত্রী ৮৭০ কোটি টাকার রেল প্রকল্পের উদ্বোধন করেন এবং চারটি ট্রেনের উদ্বোধন করেন। প্রধানমন্ত্রী জাতীয় পঞ্চায়েতি রাজ দিবস উপলক্ষে মধুবনীতে আয়োজিত এক অনুষ্ঠানে ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে জয়নগর ও পাটনার মধ্যে নমো ভারত র‍্যাপিড রেল এবং মুম্বাইয়ের সহরসা ও লোকমান্য তিলক টার্মিনাসের মধ্যে অমৃত ভারত এক্সপ্রেসের উদ্বোধন করেন। জাতীয় পঞ্চায়েতি রাজ দিবস উপলক্ষে, শ্রী মোদী ঝাঁঝরপুরের বিদেশ্বর স্থানে পঞ্চায়েতের জন্য তাদের উদ্ভাবনী এবং অনুকরণীয় কাজের জন্য বেশ কয়েকজন পঞ্চায়েতি রাজ প্রতিষ্ঠানের প্রতিনিধিকে সম্মানিত করেন। প্রধানমন্ত্রী অনুষ্ঠানে বিহার, ওড়িশা, কেরালা, তেলেঙ্গানা এবং আসামের প্রতিনিধিদের বিভিন্ন বিভাগে বিশেষ জাতীয় পঞ্চায়েত পুরস্কার ২০২৫ প্রদান করেন।

প্রধানমন্ত্রী তাঁর ভাষণে দেশের পঞ্চায়েতগুলিতে উন্নয়নের চিত্র তুলে ধরেন।

#######Byte-PM#######

*****************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৭শে এপ্রিল, রবিবার আকাশবাণীতে 'মন কি বাত' অনুষ্ঠানের ১২১তম পর্বে দেশ ও বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। জনগণ এই অনুষ্ঠানের জন্য তাদের মতামত

এবং পরামর্শ ১৮০০-১১-৭৮০০ টোল-ফ্রি নম্বরের মাধ্যমে পাঠাতে পারবেন। নরেন্দ্র মোদী অ্যাপ অথবা মাইগভ ওপেন ফোরামের মাধ্যমেও মতামত জানানো যাবে। এই পরামর্শ এমাসের ২৫ তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

***************************

**Fire service week :**

ফায়ার সার্ভিস সপ্তাহ উপলক্ষে আজ বাধারঘাটের মাতৃপল্লীতে রাজ্য প্রশিক্ষন কেন্দ্রে বার্ষিক পুরষ্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন অর্থ দপ্তরের সচিব আকিঞ্চন সরকার, ফায়ার সার্ভিসের অধিকর্তা উত্তম মন্ডল প্রমুখ। ফায়ার সার্ভিস সপ্তাহ উপলক্ষ্যে ভলিবল, টাগ অব ওয়ার সহ নানা ধরনের প্রতিযোগিতার বিজয়ীদের আজ পুরষ্কার দেওয়া হয়েছে।

******************************

**First Division :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সন্তোষ ট্রফি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ক্রিকেট প্রতিযোগিতার আজ দুটি খেলা হয়। নরসিংগড়ের টিআইটি মাঠে মৌচাক ক্লাব ৮ উইকেটে বনমালীপুর ক্রিকেট ক্লাবকে এবং নরসিংগড়ের পিটিএ মাঠে ওল্ড প্লে সেন্টার ১৭৬ রানে চলমান সংঘকে পরাজিত করে।

**********************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় পশ্চিম, ধলাই, খোয়াই ও ঊনকোটি জেলাতে বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুত সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করা হয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল

৩৫ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস।

*************************************************